

# ইনাকাদাতে

“ইনাকাদাতে” জাপানের আওমরি প্রিফেকচার-এর একটি গ্রামের নাম। মাত্র ৮৭০০ জন লোকের এই গ্রামটি একটি বিশেষ কারণে সারা পৃথিবীতে পরিচিতি লাভ করেছে। তা হলো ধানক্ষেতের ছবি। না, কৃষকেরা এই ছবি তৈরীতে কোন রং ব্যবহার করেন না। আসলে এই চিত্রকর্মের মূলে যে বিষয়টা আছে, তা হচ্ছে রঙ্গীন ধানের ব্যবহার। কৃষকেরা ১৯৯৩ সাল থেকে তাদের জমিতে বিভিন্ন রংএর ধান লাগিয়ে ধানক্ষেতটিকে একটি ছবির মতো করে তুলছেন। কৃষকেরা সাধারণতঃ হালকা বেগুনী এবং হলুদ পাতার (কোদাইমাই) ধানের সাথে গাঢ় সবুজ পাতার (সুগারু রোমান) ধান ব্যবহার করেন। যখন নানা রংএর ধানগাছগুলো বড় হয় তখন পুরো মাঠ জুড়ে ফুটে উঠে অপূর্ব ছবি। প্রতি বছরই ছবির বিষয়বস্তু পরিবর্তন করা হয়। যেমন ২০০৯ এ করা হয়েছে অশ্বারোহী যোদ্ধার ছবি, আর এ ছবি দেখতে সাড়া পৃথিবী থেকে ছুটে আসছে পর্যটকরা। গত বছর এসেছিলো প্রায় ১,৫০,০০০ জন। প্রতি বছর মে মাসের দিকে এই চিত্রকর্ম শুরু হয়, আর ধান কাটা হয় সেপ্টেম্বর মাসে। ২০০৯ এর ছবিটি আসলে দুই ভাগে বিভক্ত। একটি হচ্ছে জাপানের সেনগোকু যুগের অশ্বারোহী যোদ্ধার ছবি ও অপরটি হচ্ছে অশ্বারোহী নেপোলিয়নের ছবি।



২০০২



২০০৩



২০০৪



২০০৫



২০০৬



২০০৭



২০০৮



২০০৯



ধান ক্ষেত



রঙ্গীন ধান